**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 9/28/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# ডিভিশন অব ক্রিমিনাল জাস্টিস সার্ভিসেস-এর 2022 সালের সিম্পোজিয়ামে জন নিরাপত্তা তহবিলের জন্য গভর্নর হোকলের 50 মিলিয়ন ডলার বরাদ্দ দেওয়ার ঘোষণা

***800-এরও বেশি আইন প্রয়োগকারী সংস্থা ও ক্রিমিনাল জাস্টিস নেতৃবৃন্দের অংশগ্রহণে তিন বছরের মধ্যে এই প্রথম আয়োজিত সরাসরি উপস্থিত হয়ে অংশগ্রহণের সিম্পোজিয়ামটিতে গভর্নর স্টেটের জন নিরাপত্তা সংক্রান্ত প্রচেষ্টাগুলোর উপর আলোকপাত করেন***

***নিউ ইয়র্ক স্টেট স্থানীয় আইন প্রয়োগকারী সংস্থাগুলোতে নতুন প্রযুক্তির জন্য 20 মিলিয়ন ডলার বিনিয়োগ করবে***

***পুলিশ বিভাগ এবং শেরিফের অফিসগুলোর জন্য 5,000টি বডি ক্যামেরা, স্টোরেজ, সফটওয়্যার, এবং আনুষাঙ্গিক সরঞ্জাম প্রদান করতে আরো 10 মিলিয়ন ডলার প্রদান করা কবে***

***জন নিরাপত্তা উন্নত করার জন্য নিউ ইয়র্ক সিটির বাইরের কাউন্টিগুলোতে বিচারপূর্ব পরিষেবার অর্থায়নের জন্য 20 মিলিয়ন ডলার বিতরণ করা হয়েছে***

গভর্নর ক্যাথি হোকল আজ স্থানীয় আইন প্রয়োগকারী সংস্থাগুলোর জন্য নতুন প্রযুক্তি ও সরঞ্জাম সরবরাহ করতে এবং বিচারপূর্ব পরিষেবাগুলো অব্যাহত রাখতে সহায়তা করার জন্য 50 মিলিয়ন ডলারের স্টেট তহবিল বিনিয়োগ করার কথা ঘোষণা করেছেন। নিউ ইয়র্ক স্টেটের ডিভিশন অব ক্রিমিনাল জাস্টিস সার্ভিসেস (Division of Criminal Justice Services) কর্তৃক প্রদত্ত এই অনুদানের মধ্যে 30 মিলিয়ন ডলার স্থানীয় আইন প্রয়োগকারী সংস্থাগুলোর জন্য নতুন প্রযুক্তি এবং দেহে-পরিহিত ক্যামেরার জন্য বরাদ্দ থাকবে, যা অপরাধ প্রতিরোধ করতে, কমিয়ে আনতে, এবং সমাধান করতে সাহায্য করার পাশাপাশি কমিউনিটিগুলোর মধ্যে আস্থা গড়ে তুলতে সাহায্য করবে। সেইসাথে, নিউ ইয়র্ক সিটির বাইরের সব কাউন্টিতে বিচারপূর্ব পরিষেবাগুলোর জন্য 20 মিলিয়ন ডলার বরাদ্দ করা হবে, যা পরিষেবা ও তত্ত্বাবধান প্রদান করার মাধ্যমে আরো বেশি মানুষকে আদালতমুখী করতে সাহায্য করবে। গভর্নর হোকল 2022 DCJS জন নিরাপত্তা সিম্পোজিয়ামে আজকের এই ঘোষণা প্রদান করেন, যেখানে তিনি স্টেটের জন নিরাপত্তা সংক্রান্ত প্রচেষ্টাসমূহ সম্পর্কে হালনাগাদ তথ্য প্রদান করেন এবং আগ্নেয়াস্ত্র সংক্রান্ত সহিংসতার বিরুদ্ধে লড়াই করা এবং নিউ ইয়র্কবাসীদেরকে নিরাপদ রাখার জন্য আইন

প্রয়োগকারী সংস্থা এবং কমিউনিটিভিত্তিক উদ্যোগগুলোকে সহায়তা করার জন্য স্টেটের FY23 বাজেটে 227 মিলিয়ন ডলার বরাদ্দ করার বিষয়টি তুলে ধরেন।

"আমার প্রশাসন আইন প্রয়োগকারী সংস্থায় আমাদের অংশীদারদেরকে তাদের প্রয়োজনীয় হাতিয়ারগুলো প্রদান করতে পুরোপুরিভাবে অঙ্গীকারাবদ্ধ রয়েছে, যার মধ্যে এক প্রজন্মে জন নিরাপত্তা খাতে স্টেটের সর্ববৃহৎ বিনিয়োগ: 227 মিলিয়ন ডলারও অন্তর্ভুক্ত রয়েছে," **বলেছেন গভর্নর হোকল।** "আজ আমি জন নিরাপত্তা খাতে অর্থায়নের জন্য গর্বের সাথে 50 মিলিয়ন ডলার বরাদ্দ ঘোষণা করছি, যা নিউ ইয়র্কবাসীদেরকে নিরাপদ রাখার জন্য ফৌজদারি বিচার ব্যবস্থার সকল স্তরের কাছে প্রয়োজনীয় সরঞ্জাম ও সংস্থানসমূহ থাকার বিষয়টি নিশ্চিত করতে সাহায্য করবে। নিউ ইয়র্ক জন নিরাপত্তার ব্যাপারে একটি সমন্বিত প্রচেষ্টা গ্রহণ করছে, এবং আমাদের আইন প্রয়োগকারী সংস্থা, আদালত ব্যবস্থা, এবং এর বাইরে বিনিয়োগ করার মাধ্যমে, আমরা শুধু অপরাধ কমিয়ে আনাই নয়, বরং তা প্রতিরোধ করা নিশ্চিত করতে আমাদের জন নিরাপত্তা বাস্তুসংস্থানের জটগুলো নিরসন করছি এবং সহায়তা প্রদান করছি।"

27 থেকে 29 সেপ্টেম্বর, 2022 পর্যন্ত DCJS জন নিরাপত্তা সিম্পোজিয়াম দেশের বিভিন্ন স্থান থেকে ক্রিমিনাল জাস্টিস পেশাজীবীদেরকে আলবানিতে একত্রিত করবে। এই সিম্পোজিয়াম জন নিরাপত্তা সংক্রান্ত নির্বাহী কর্মকর্তা, পুলিশ কমান্ড কর্মী, প্রসিকিউটর, এবং আরো পেশাজীবীদেরকে উদ্ভাবনমুলক আইডিয়া, প্রমাণ-ভিত্তিক কর্মকৌশল, এবং পুলিশের পুনর্গঠন ও পুনঃউদ্ভাবন সংক্রান্ত সহযোগিতার ব্যাপারে আপডেট শেয়ার করতে একত্রিত করবে। এই বছরের সিম্পোজিয়ামে নেতৃত্ব, কর্মকর্তাদের সুস্থতা, কমিউনিটি-পুলিশ আস্থার সম্পর্ক গড়ে তোলা, স্ট্রিট আউটরিচ কর্মসূচি, ইন্টেলিজেন্স ডেভেলপমেন্ট, এবং আরো অন্যান্য বিষয়ে 70টিরও বেশি উপস্থাপনা তুলে ধরে হবে। গভর্নর হোকল সিম্পোজিয়ামে বক্তব্য রেখেছেন, যেখানে বাফেলোর পুলিশ কমিশনার জোসেফ গ্রামাগ্লিয়া, নিউ ইয়র্ক সিটির পুলিশ কমিশনার কিচান্ত সিওয়েল, এবং READI শিকাগো-এর চিকো টিলমনও বক্তব্য রাখবেন।

**নিউ ইয়র্ক স্টেটের ডিভিশন অব ক্রিমিনাল জাস্টিস সার্ভিসেস-এর কমিশনার রোজানা রোসেডো বলেন,** "আমার সংস্থা, এবং এর বাইরে পুলিশ ডিপার্টমেন্ট, শেরিফ'স ডিপার্টমেন্ট, প্রোবেশন ডিপার্টমেন্ট, প্রসিকিউটর, এবং আমার সংস্থা যেসব কমিউনিটিভিত্তিক সংস্থাকে সহায়তা করে সেগুলো যাতে তাদের গুরুত্বপূর্ণ কাজ সম্পন্ন করার জন্য অপরিহার্য সংস্থান ও তহবিল পায় সে বিষয়টি নিশ্চিত করতে গভর্নর হোকল নিরলসভাবে কাজ করেছেন। স্টেট তহবিলের এই উল্লেখযোগ্য বিনিয়োগ আমাদের স্থানীয় অংশীদারদেরকে আরো বেশি কর্মদক্ষতার সঙ্গে ও ফলপ্রসূভাবে কাজ করতে সাহায্য করবে এবং বিচার প্রক্রিয়ার সাথে সম্পৃক্ত ব্যক্তিরা যাতে তাদের প্রয়োজনীয় পরিষেবাগুলো পেতে পারেন সে বিষয়টি নিশ্চিত করতে অত্যন্ত গুরুত্বপূর্ণ সংস্থানসমূহ প্রদান করবে, যা সব নিউ ইয়র্কবাসীর জন্য জন নিরাপত্তা উন্নত করবে।"

এই সিম্পোজিয়ামের সময়, গভর্নর হোকল এই বিষয়টি তুলে ধরেন যে জানুয়ারি মাস থেকে এখন পর্যন্ত স্টেট পুলিশ এবং আইন প্রয়োগকারী সংস্থাগুলো প্রায় 7,000 অবৈধ আগ্নেয়াস্ত্র জব্দ করেছে, যেটি অবৈধ আগ্নেয়াস্ত্র বিষয়ক আন্তঃস্টেট টাস্ক ফোর্স (Interstate Task Force on Illegal guns) এর মাধ্যমে সমন্বয় ও সহযোগিতা বৃদ্ধির ফলে সম্ভব হয়েছে। এই কাজ —

আগ্নেয়াস্ত্র সংক্রান্ত সহিংসতা প্রতিরোধ করা এবং কমিয়ে আনার জন্য আইন প্রয়োগকারী সংস্থা এবং কমিউনিটিভিত্তিক সংস্থাগুলোতে রেকর্ড পরিমাণ বিনিয়োগের সঙ্গে মিলে — উল্লেখযোগ্য ফলাফল বয়ে আনতে সাহায্য করেছে। যদিও দেশব্যাপী গোলাগুলির ঘটনা আনুমানিক 2 শতাংশ কমে গেছে, নিউ ইয়র্ক সিটির বাইরের 20টি বড় পুলিশ ডিপার্টমেন্ট 2021 সালের তুলনায় 2022 সালের প্রথম আট মাসে গোলাগুলির ঘটনা 10 শতাংশ কমেছে বলে রিপোর্ট করেছে। সুনির্দিষ্টভাবে, বাফেলোতে গোলাগুলির ঘটনা 36 শতাংশ কমেছে, ইয়ংকার্স-এ 27 শতাংশ কমেছে, ইউটিকা ও লং আইল্যান্ডে 21 শতাংশ কমেছে এবং মাউন্ট ভার্নন-এ 11 শতাংশ কমেছে। সেইসাথে, নিউ ইয়র্ক সিটি গোলাগুলির ঘটনা 13 শতাংশ কমেছে বলে জানিয়েছে।

পুলিশ ডিপার্টমেন্ট এবং শেরিফদের অফিসগুলোকে অপরাধ, বিশেষ করে আগ্নেয়াস্ত্রের সম্পৃক্ততা রয়েছে এমন সহিংস অপরাধগুলো প্রতিরোধ করা, কমিয়ে আনা, এবং সমাধান করার ক্ষেত্রে সাহায্য করতে প্রযুক্তি সরবরাহ করার জন্য গভর্নর হোকল FY23 এর বাজেটে তহবিল বরাদ্দ করেছেন। পুলিশ ডিপার্টমেন্ট এবং শেরিফদের অফিসগুলোর জন্য নতুন প্রযুক্তিসমূহে বিনিয়োগ করার জন্য DCJS 20 মিলিয়ন ডলারের স্টেট তহবিল প্রদান করবে। ডিসেম্বরের মাঝামাঝি সময়ে DCJS আইন প্রয়োগকারী সংস্থাগুলোর জন্য প্রযুক্তির জন্য তহবিলের আবেদন করার সুযোগ উন্মুক্ত করবে, যেসব প্রযুক্তির মধ্যে লাইসেন্স প্লেট রিডার, মোবাইল ও ফিক্সড সার্ভেইল্যান্স ক্যামেরা, আনম্যানড এরিয়াল ভেহিকেল, গানশট ডিটেকশন ডিভাইস, প্যাট্রল ভেহিকেল ও অফিসারদের জন্য স্মার্ট সরঞ্জাম, এবং অন্যান্য ধরনের জন নিরাপত্তা সরঞ্জাম অন্তর্ভুক্ত থাকবে, যেখানে প্রযুক্তি সংক্রান্ত অনুরোধ পূরণের জন্য 20 মিলিয়ন ডলার পর্যন্ত তহবিল প্রদান করা হবে। এছাড়াও DCJS পুলিশ ডিপার্টমেন্ট এবং শেরিফদের অফিসগুলোর কাছ থেকে তাদের কোন ধরনের প্রযুক্তি প্রয়োজন সে সম্পর্কে মতামত সংগ্রহের জন্য 30 সেপ্টেম্বর থেকে 18 নভেম্বরের মধ্যে তথ্য চেয়ে অনুরোধ জারি করবে।

এছাড়াও, 30 সেপ্টেম্বর থেকে 2 ডিসেম্বর পর্যন্ত, DCJS নিউ ইয়র্ক সিটির বাইরের আইন প্রয়োগকারী সংস্থাগুলোকে দেহে পরিহিত ক্যামেরা এবং সংশ্লিষ্ট সফটওয়্যার ও সরঞ্জাম যেমন স্টোরেজের আবেদন করার জন্য অনুরোধ ইস্যু করবে। 10 মিলিয়ন ডলারের তহবিল 5,000টি ক্যামেরা এবং সংশ্লিষ্ট প্রযুক্তি সরবরাহ করতে সহায়তা করবে। এই দেহে পরিহিত ক্যামেরা মোতায়েন করার উদ্দেশ্য হচ্ছে জনসাধারণের সঙ্গে পুলিশ অফিসারদের ইন্টারঅ্যাকশন উন্নত করা এবং আইন প্রয়োগকারী সংস্থার সমস্যা সমাধান এবং কমিউনিটির সম্পৃক্ততা সংক্রান্ত কর্মকৌশলের অবিচ্ছেদ্য অংশ হিসেবে ভূমিকা পালন করা, যা জনসাধারণের আস্থা ও যোগাযোগ বৃদ্ধি করতে সাহায্য করবে।

এছাড়াও DCJS নিউ ইয়র্ক সিটির বাইরের সব কাউন্টিতে বিচারপূর্ব পরিষেবা প্রদানের জন্য অর্থায়ন করতে 20 মিলিয়ন ডলার প্রদান করবে। গভর্নরের 2022 সালের স্টেট অব দ্যা স্টেট নীতিমালার এজেন্ডার রূপরেখা অনুযায়ী, এই তহবিল বিচারপূর্ব পরিষেবাসমূহ, যেমন স্ক্রিনিং ও মূল্যায়ন, তত্ত্বাবধান, একটি কেন্দ্রীভূত কেস ম্যানেজমেন্ট সিস্টেম, এবং আদালত ব্যবস্থার সঙ্গে তথ্য শেয়ার করার জন্য নিবেদিত একটি সিস্টেম অব্যাহত রাখতে সহায়তা করবে। প্রোবেশন ডিপার্টমেন্ট এবং কমিউনিটিভিত্তিক সেবা প্রদানকারীরা জন নিরাপত্তা বৃদ্ধি করবে এবং আরো বেশি মানুষকে আদালতমুখী করবে এমন পরিষেবাগুলো সম্প্রসারণ ও সমৃদ্ধ করতে এই অতি গুরুত্বপূর্ণ তহবিল পাবে। DCJS প্রতিটি কাউন্টিতে নিম্ন আদালতে জমা হওয়া অভিযোগপত্রের

পাঁচ-বছরের গড়ের উপর ভিত্তি করে এই তহবিল বরাদ্দ করেছে এবং 29 সেপ্টেম্বর তারিখে কাউন্টিগুলোকে তাদের অনুদানপ্রাপ্তির কথা অবহিত করার পরিকল্পনা করেছে।

স্টেটের FY 23-এর বাজেটে আইন প্রয়োগকারী সংস্থা এবং কমিউনিটিভিত্তিক সংস্থাগুলোর বাস্তবায়ন করা উদ্ভাবনমূলক কর্মসূচি ও অংশীদারিত্বের জন্য অর্থায়ন করতে 227 মিলিয়ন ডলার বরাদ্দ করা হয়েছে, যার মধ্যে রয়েছে:

- গিভ ইনিশিয়েটিভ (GIVE initiative)-এ অংশগ্রহণকারী আইন প্রয়োগকারী সংস্থাগুলোর জন্য 18.2 মিলিয়ন ডলার, যে উদ্যোগটি আগ্নেয়াস্ত্র সংক্রান্ত সহিংসতার দ্বারা সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হওয়া 17টি কাউন্টির 20টি কমিউনিটিতে গোলাগুলির ঘটনা কমিয়ে আনতে প্রমাণভিত্তিক কর্মকৌশল ব্যবহার করে।
- নিউ ইয়র্কের 10টি অপরাধ বিশ্লেষণ কেন্দ্রের নেটওয়ার্কের জন্য 15 মিলিয়ন ডলার, যা 350টিরও বেশি স্টেট ও স্থানীয় সংস্থার মধ্যে তথ্য ও ইন্টেলিজেন্স - যেমন অপরাধ ও আগ্নেয়াস্ত্র সংক্রান্ত ডাটা - সংগ্রহ ও শেয়ার করার মাধ্যমে, আগ্নেয়াস্ত্রের সাথে সম্পর্কিত সহিংস অপরাধ সহ অন্যান্য অপরাধ প্রতিরোধ করতে, সেগুলোর তদন্ত করতে, এবং সমাধান করতে একটি অতি গুরুত্বপূর্ণ সংস্থান হিসেবে ভুমিকা পালন করে। এছাড়াও এই সেন্টারগুলো যেকোনো আইন প্রয়োগকারী সংস্থাকে অনুরোধের ভিত্তিতে সাহায্য করে থাকে এবং 2021 সালে এই সেন্টারগুলো 60,000 এরও বেশি সহায়তার অনুরোধে সাড়াদান করেছে।
- SNUG ও জনস্বাস্থ্য পন্থা ব্যবহার করে এমন সম্প্রদায়ভিত্তিক বন্দুক সহিংসতা উদ্যোগসমূহের জন্য বন্দুক সহিংসতা সমাধানে 24.9 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করা হয়েছে যারা : উৎস সনাক্ত করবে, বিস্তার বন্ধ করবে এবং সার্বিক সেবা প্রদান করার মাধ্যমে প্রভাবিতদের চিকিৎসা করবে এবং বন্দুক সহিংসতার মধ্যে দীর্ঘদিন থাকার ফলে সৃষ্ট ট্রমা সমাধানে সমর্থন করবে। এছাড়াও এই বিনিয়োগ অন্যান্য উদ্যোগের মধ্যে অরক্ষিত তরুণ ব্যক্তিদের মৌলিক চাহিদাগুলো পূরণে সাহায্য করা; এবং দক্ষতা-ভিত্তিক চাকরির প্রস্তুতি এবং কর্মসংস্থানে নিয়োগ সংক্রান্ত প্রশিক্ষণ প্রদানের কর্মসূচিগুলোকে সহায়তা করবে।
- আগ্নেয়াস্ত্র সংক্রান্ত সহিংসতা কমিয়ে আনার জন্য আন্তঃসংস্থাভিত্তিক প্রচেষ্টা সমন্বয় করা, ডাটা বিশ্লেষণ করা এবং জনসচেতনতামূলক কার্যক্রমে সহায়তার জন্য স্টেটের স্বাস্থ্য বিভাগের (Department of Health) আগ্নেয়াস্ত্র সংক্রান্ত সহিংসতা প্রতিরোধ বিষয়ক দপ্তরের (Office of Gun Violence Prevention) জন্য 2.5 মিলিয়ন ডলার।

DCJS হলো অপরাধের ন্যায়বিচারের ক্ষেত্রে সহায়তাকারী একটি মাল্টি-ফাংশন সংস্থা এবং এর বিভিন্ন ধরনের দায়িত্ব রয়েছে, যার মধ্যে আইন প্রয়োগকারী সংস্থাকে প্রশিক্ষণ প্রদান; স্টেটব্যাপী সংঘটিত অপরাধের ডাটা সংগ্রহ ও বিশ্লেষণ; অপরাধের ইতিহাসের তথ্য ও আঙ্গুলের ছাপের ফাইল সংরক্ষণ; নিউ ইয়র্ক স্টেট পুলিশের সাথে অংশীদার হয়ে, স্টেটের DNA ডাটাব্যাংকের প্রশাসনিক তদারকি; প্রোবেশন ও কমিউনিটি সংশোধন কর্মসূচিগুলোর অর্থায়ন ও তত্ত্বাবধান; ফেডারেল ও স্টেট পর্যায়ের ক্রিমিনাল জাস্টিস তহবিল বরাদ্দকরণ; স্টেটব্যাপী ফৌজদারি বিচার

সংক্রান্ত সংস্থাগুলোকে সহায়তা প্রদান; এবং স্টেটের সেক্স অফেন্ডার রেজিস্ট্রি নিয়ন্ত্রণ, ইত্যাদি অন্তর্ভুক্ত রয়েছে। সংস্থাটিকে টুইটার (Twitter) ও ফেসবুক (Facebook)-এ অনুসরণ করুন।

###


আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418